

## কিভাবে সহায়তা পাওয়া যাবে ?

আমরা যেকোন পেশাজীবির কাছ থেকে সুপারিশ (রেফারেল) গ্রহণ করি। এটা হতে পারে আপনার জিপি, স্কুলের সদস্য অথবা অন্য কোন সংস্থা যারা এসব বিষয়ে কাজ করে।

আপনি যদি ইতিমধ্যে ঘটনাটি পুলিশের কাছে রিপোর্ট করে থাকেন তাহলে যিনি আপনার বিষয়টি তদন্ত করছেন তিনি অন্য সংস্থার কাছে আপনার ব্যাপারে সুপারিশ (রেফারেল) পাঠাতে পারেন।

সুপারিশ প্রেরণের ক্ষেত্রে আপনার সম্মতি প্রদান করা প্রয়োজন।

আপনি আমাদের সাথে সরাসরি যোগাযোগ করতে পারবেন। হারবার সেন্টারে আপনাকে একটি অ্যাপয়েন্টমেন্ট দেয়া হবে এবং প্রয়োজনে আপনার জন্য একজন আইএসভিএ বরাদ্দ করা হতে পারে। মনে রাখবেন, সব ধরনের ১৮ বছরের কম বয়সীদের সুরক্ষা (সইফগাডিং) রেফারেল এর ক্ষেত্রে হারবার সেন্টারে উপস্থিত হতে হবে।

বিস্তারিত তথ্যের জন্য আমাদের ওয়েবসাইটটি ভিজিট করুন।

[www.theharbourcentre.co.uk](http://www.theharbourcentre.co.uk)

অথবা এই নাম্বারে ফোন করুন **01603 276381 24/7**

## দ্যা হারবার সেন্টার

যৌন নিপীড়ন সুপারিশ (রেফারেল) কেন্দ্র

আমাদের সাথে যোগাযোগ:

দ্যা হারবার সেন্টার

যৌন নিপীড়ন পরামর্শ কেন্দ্র

24/7 হেলপলাইন নাম্বার: **01603 276381**

ওয়েবসাইট:

[www.theharbourcentre.co.uk](http://www.theharbourcentre.co.uk)

ইমেইল:

[contact@theharbourcentre.co.uk](mailto:contact@theharbourcentre.co.uk)

দ্যা হারবার সেন্টারের অঙ্গন সবার জন্য সম্পূর্ণভাবে অভিগম্য

ন্যাশন্যাল হেলপলাইন নাম্বারসমূহ:

সামারটিয়ান ● 116 123

মাইন্ড ● 0800 123 3393

এনএসপি সিসি ● 0808 800 5000

চাইল্ডলাইন ● 0800 1111

এমওএসএসি ফর প্যারেন্ট/কেয়ারার ● 0800 980 1958

ন্যাশন্যাল পারিবারিক সহিংসতা (ডমেস্টিক ভায়োলেন্স)

হেলপলাইন: ● 0808 200 0247

গ্যালোপ এলজিবিটি: ● 0800 999 5428

## দ্যা হারবার সেন্টার

যৌন নিপীড়ন সুপারিশ (রেফারেল) কেন্দ্র

## স্বতন্ত্র

যৌন সহিংসতা

পরামর্শক (আইএসভিএ)

নরফোকে বসবাসরত

শিশু ও তরুন-তরুণীদের

জন্য পরিসেবা

যৌন নিপীড়ন সুপারিশ (রেফারেল) কেন্দ্র,  
(এসএআরসি)

## আইএসভিএ -র কাজগুলো কি কি?

আইএসভিএ প্রয়োজন অনুযায়ী ব্যক্তিকেন্দ্রীক (ওয়ান-টু-ওয়ান) সেবা প্রদান করে থাকে।

আইএসভিএ আপনার বাসায় দেখা করতে পারে অথবা আপনার জন্য সুবিধাজনক যে কোন জায়গায় দেখা করে আপনার জন্য নিরাপত্তা বিধান ও সেবা প্রদানের লক্ষ্যে নিরীক্ষন (এসএএস) সম্পন্ন করবে।

তারা আপনাকে নানাবিধ বিষয়ে সহায়তা করতে পারে যেমন; স্বাস্থ্য, শিক্ষা এবং কর্মসংস্থান এবং তথ্য এবং আপনি নিরাপদ থাকতে প্রয়োজনীয় পরামর্শ দিতে পারে।

তারা সরাসরি আপনার সাথে কাজ করবে এবং প্রয়োজন হলে আপনাকে বিশেষায়িত কোন ধরনের সেবার জন্য সুপারিশ (রেফারেল) করবে।

আইএসভিএ সেবা সমূহ কোন ধরনের থেরাপী জাতীয় সার্ভিস নয় তবে প্রয়োজনে আপনাকে কাউন্সেলিং এর জন্য পাঠানো হতে পারে।

## আমরা কিভাবে সাহায্য করতে পারি ?

- সামনা-সামনি দেখা করা ও কথা বলা, ফোনে বা টেক্সট মেসেজের মাধ্যমে নিয়মিত যোগাযোগ।
- আপনার পুরো পরিবারের জন্য সহায়তা।
- অন্যান্য বিশেষায়িত সংস্থাসমূহে সুপারিশ (রেফারেল) করে পাঠানো।
- ২৪ ঘন্টা ব্যাপী হেলপলাইন সুবিধা যেখানে আপনি প্রশিক্ষণপ্রাপ্ত ক্রাইসিস ওয়ার্কারের সাথে কথা বলতে পারেন
- অপরাধমূলক তদন্ত কার্যক্রমে সহায়তা দান

## গোপনীয়তা

সেবা গ্রহীতাদের (ক্লায়েন্ট) গোপনীয়তা কতটুকু গুরুত্বপূর্ণ তা আমরা ভালভাবে অনুধাবন করি, এরফলে, হারবার সেন্টারে যে সকল স্টাফ কর্মরত আছেন তাদের দায়িত্ব হচ্ছে বিশেষ কোন পরিস্থিতিতে সংশ্লিষ্ট সংস্থার সাথে তথ্য বিনিময় করা। আমরা যদি আপনার ব্যাপারে বা যেকোন সংকটাপন্ন প্রাপ্তবয়স্ক ব্যক্তি সম্পর্কে উদ্ভিগ্ন থাকি কিংবা কোন শিশুর যদি ক্ষতি হওয়ার ঝুঁকি থেকে থাকে তাহলেই কেবলমাত্র উল্লিখিত ব্যাবস্থা গ্রহন করা হবে। কোন কিছু করার প্রয়োজন হলে তখন আমরা আপনাকে জানানোর চেষ্টা করব। কোন কোন বিশেষ পরিস্থিতিতে এটা সম্ভব হবে না।

## ধর্ষণ বা যৌন নিপীড়নের পর তা সামলানো

ইতিপূর্বে যা ঘটেছে তা নিয়ে কথা বলা পীড়াদায়ক হতে পারে। অভিজ্ঞতার আলোকে প্রত্যেক ব্যক্তির প্রতিক্রিয়া ব্যক্ত করার ধরন আলাদা, দিনে দিনে অনুভূতিগুলির পরিবর্তন হতে পারে এবং এটা অনুধাবন করা ও গুরুত্বপূর্ণ যে আপনি নানাভাবে ক্ষতিগ্রস্ত হতে পারেন যথা: মানসিকভাবে এবং শারীরিকভাবে।

আপনি কেমন অনুভব করছেন তা জানতে আপনার সাথে কথা বলার জন্য আইএসভিএ সবসময় তৈরী রয়েছে, এছাড়া তারা আপনাকে আশ্বস্ত করবে এবং নানা ধরনের বাস্তবধর্মী সেবা ও পরামর্শ দিবে।

## পুলিশের কাছে রিপোর্ট করা

আপনার বয়স যদি ১৩ বছর কিংবা তার নীচে হন তাহলে ঘটনাটি জানার জন্য পুলিশ একটি তদন্ত পরিচালনা করবে।

আপনার বয়স যদি ১৩ বছর বা তার উপরে হয় তাহলে আপনার আইএসভিএ আপনার সাথে কথা বলবে। আপনার জন্য সম্ভাব্য কি কি উপায় রয়েছে তা নিয়ে কথা বলবে এবং যদি আপনি পুলিশের কাছে রিপোর্ট করে থাকেন তার ফলাফল কি হবে তা ও আলোচনা করবে।

আমাদের আইএসভিএ রা এটা ভাল ভাবে অনুধাবন করেন যে, কোন ঘটনা পুলিশ কে জানানো হবে কি না তা সম্পূর্ণ একজন ব্যক্তির নিজস্ব সিদ্ধান্তের উপর নির্ভর করে। তারা আপনার মতামতকে সম্মান জানাবে।

আপনি যদি পুলিশকে জানানোর ব্যাপারে সিদ্ধান্ত গ্রহন করে থাকেন তাহলে আইএসভিএ আপনাকে সহায়তা করার উদ্দেশ্যে আপনার হাতের কাছেই থাকবে এবং পুরো তদন্তকালীন সময়ে আপনাকে পরামর্শ ও সহায়তা প্রদান করবে, আপনার মামলার অগ্রগতি সম্পর্কে অবহিত করবে এবং প্রয়োজনে আপনার সাথে কোর্টে যাবে।

আপনি কেমন অনুভব করছেন তা জানতে আপনার সাথে কথা বলার জন্য আইএসভিএ সবসময় তৈরী রয়েছে, এছাড়া তারা আপনাকে আশ্বস্ত করবে এবং নানা ধরনের বাস্তবধর্মী সেবা ও পরামর্শ দিবে।